

০৩নং ডোয়াইল ইউনিয়ন পরিষদ

সরিষাবাড়ী, জামালপুর।

সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ নাসির উদ্দিন
সভার তারিখ	: ১০ অক্টোবর ২০২০
সময়	: ১১.০০ ঘটিকায়
স্থান	: ইউপি অফিস কক্ষ

আলোচ্যসূচীঃ

- ১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ব্যাংক অপারেটর পরিবর্তন প্রসংগে।
- ৩। রাস্তা নামকরণ প্রসংগে।

উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিতকরণ করা হয়।


২নং আলোচ্যসূচী মোতাবেক সভাপতি সাহেব বলেন ০৪/১০/২০২১খ্রিঃ তারিখের জেলা প্রশাসকের কার্যালয়ের (স্থানীয় সরকার শাখা) জামালপুর এর ০৫.৪৫.৩৯০০.০১৪.১৯.০০১.১৬.৪৬৬ নং স্মারক অনুযায়ী ইউনিয়ন পরিষদ সচিব বদলি হওয়ায় নব যোগদানকৃত সচিব মেহেদী হাসান ব্যাংক অপারেটর পরিবর্তনের জন্য বিধান আছে। উক্ত বিষয়ে আলোচনা করা হোক।। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলোঃ

ব্যাংকের নাম ও শাখা	হিসাবের নাম ও নং	বর্তমান পরিচালনাকারীর নাম ও পদবী	পরিবর্তিত পরিচালনাকারীর নাম ও পদবী
সোনালী ব্যাংক, চাপারকোনা শাখা, সরিষাবাড়ী, জামালপুর।	০৩নং ডোয়াইল ইউপি (এলজিএসপি) চলতি হিসাব নং- ২৬০৩২০০০০০৬০	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মোঃ কামরুল হাসান, ইউপি সচিব ৩। ফারজানা আক্তার কেয়া, সংরক্ষিত (৪,৫ ও ৬)	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মেহেদী হাসান, ইউপি সচিব ৩। ফারজানা আক্তার কেয়া, সংরক্ষিত (৪,৫ ও ৬)
সোনালী ব্যাংক, চাপারকোনা শাখা, সরিষাবাড়ী, জামালপুর।	০৩নং ডোয়াইল ইউপি (ভূমি হস্তান্তর কর ১%) চলতি হিসাব নং- ২৬০৩২০০০০০০৪৬	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মোঃ কামরুল হাসান, ইউপি সচিব	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মেহেদী হাসান, ইউপি সচিব
সোনালী ব্যাংক, চাপারকোনা শাখা, সরিষাবাড়ী, জামালপুর।	০৩নং ডোয়াইল ইউপি (সাধারণ তহবিল) চলতি হিসাব নং- ২৬০৩১০০০০৩১৪৯	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মোঃ কামরুল হাসান, ইউপি সচিব	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মেহেদী হাসান, ইউপি সচিব
সোনালী ব্যাংক, চাপারকোনা শাখা, সরিষাবাড়ী, জামালপুর।	০৩নং ডোয়াইল ইউপি (জন্ম ও মৃত্যু নিবন্ধন) চলতি হিসাব নং-	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মোঃ কামরুল হাসান, ইউপি সচিব	১। মোঃ নাসির উদ্দিন ইউপি, চেয়ারম্যান ২। মেহেদী হাসান, ইউপি সচিব

৩নং আলোচ্যসূচী মোতাবেক সভাপতি সাহেব বলেন অত্র ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের বাসিন্দা শহীদ স্কোয়াজন লীডার এনায়েত কবীর পলাশ ০১/০৭/২০১৮ ইং তারিখে বাংলাদেশ বিমান বাহিনীর যুদ্ধ বিমান প্রক্ষিণরত অবস্থায় আকাশে বিধ্বস্ত হয়। যোহেতু বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষার স্বার্থে কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করেন। তাই তিনি শহীদ বলিয়া গণ্য হয়েছেন। ডোয়াইল ইউনিয়নবাসী এক কৃতিসন্তান হারিয়ে খুবই ব্যথিত। আমরা তাহার মাগফেরাত কামনায় আল্লাহরতায়ালার দরবারে দোয়া করি তাকে যেন বেহেস্তের সর্বোচ্চ স্থান দেয়। তাহার স্মরণে পঞ্চনন্দপুর চৌরাস্তা হতে মহিশাকান্দি পযর্ন্ত রাস্তাটি শহীদ স্কোয়াজন লীডার এনায়েত কবীর পলাশ সড়ক এর নামে নামকরণ করার বিষয়ে আলোচনা করা হোক। বিশেষ দ্রষ্টব্য সম্মানিত ০২জন মূল প্রস্তাবক জনাব আলহাজ মোঃ ছানোয়ার হোসেন বাদশা, সভাপতি বাংলাদেশ আওয়ামীলীগ, সরিষাবাড়ী উপজেলা শাখা, জামালপুর ও জনাব মোঃ হারুন অর রশিদ, সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, সরিষাবাড়ী উপজেলা শাখা, জামালপুর।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তাহার স্মরণে পঞ্চনন্দপুর হতে কৃষ্ণপুর রাস্তাটি শহীদ স্কোয়াজন লীডার এনায়েত কবীর পলাশ সড়ক এর নামে নামকরণ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হলো এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভার মাধ্যমে সভাপতি সাহেবকে অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ নাসির উদ্দিন)
চেয়ারম্যান
৩নং ডোয়াইল ইউনিয়ন পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।